আলমডাঙ্গার সহকারী কমিশনারের স্বাক্ষর জাল করে প্রতিবেদন তৈরী! এক যুবক আটক

আলমডাঙ্গার শ্রীরামপুর গ্রামের আল আমিন হক সাগরকে সহকারী কমিশনার ও ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার স্বাক্ষর জাল করার অপরাধে আটক করেছে পুলিশ।

শনিবার দুপুরে জাল স্বাক্ষরের অপরাধে আল আমিনকে আটক করে। আল আমিন জীবননগর সহকারী জজ আদালতের পেশকারের সহকারী।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার শ্রীরামপুর গ্রামের আবুল হোসেনের নানী মারা যাওয়ার পূর্বে তার জমি নাতি আবুল হোসেনের নামে রেজিস্ট্রি করে দেন।

বিষয়টি জানতে পেরে আবুল হোসেনের খালাতো ভাই একই গ্রামের আব্দুল গফুর মুন্সী আদালতে মামলা দায়ের করেন। আবুল হোসেনের নাতি ছেলে শ্রীরামপুর গ্রামের মৃত আব্দুল হকের ছেলে জীবননগর সহকারী জর্জ আদালতের পেশকারের সহকারী।

আল আমিন হক সাগর আলমডাঙ্গার সহকারী কমিশনার (ভূমি) ও কালিদাসপুর ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার সিল ও স্বাক্ষর জাল করে নিজের মনমত প্রতিবেদন তৈরি করে।

শনিবার ওই প্রতিবেদন তিনি আলমডাঙ্গা থানায় জমা দেয়। প্রতিবেদন জমা দিতে গেলে পুলিশের সন্দেহ হয়। পুলিশ স্বাক্ষর যাচাই করতে সহকারী কমিশনার ও ইউনিয়ন ভূমি অফিসের সহকারী কর্মকর্তার সাথে যোগাযোগ করেন।

প্রমাণ মেলে যে ওই প্রতিবেদনের স্বাক্ষর জাল। এ সময় পুলিশ আল আমিন হক সাগরকে আটক করেন। আটকের পর আল আমিন হক সাগরের মামা জীবন আলী থানার সামনে লাফালাফি করায় তাকেও আটক করে পুলিশ ।

স্বাক্ষর জালের বিষয়ে আলমডাঙ্গা থানার অফিসার ইনচার সাইফুল ইসলাম জানান, যাদের স্বাক্ষর জাল করা হয়েছে। তাদেরকে অবহিত করা হয়েছে। তারা বাদী হয়ে মামলা দায়ের করবেন। কিন্তু এখনও কেউ মামলা দায়ের করতে আসেননি।

এ বিষয়ে আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নূর বলেন, মামলা করবেন পুলিশ। কারণ জাল স্বাক্ষরযুক্ত প্রতিবেদন তো পুলিশের নিকট জমা দেওয়া হয়েছে।

মেহেরপুরে মুজিববর্ষে শতঘন্টা মুজিবচর্চা কর্মসূচির সমাপনী ও প্রকাশিত সংকলনের মোড়ক উন্মোচন

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী “মুজিববর্ষ” উদযাপন উপলক্ষে মেহেরপুরে মুজিব বর্ষের শতঘন্টা মুজিবচর্চা কর্মসূচির সমাপনী ও প্রকাশিত সংকলনের মোড়ক উন্মোচন করা হয়েছে।

শনিবার সন্ধ্যায় মেহেরপুর জেলা প্রশাসনের আয়োজনে জেলা শিল্পকলা একাডেমীর মিলনায়তনে এ মুজিববর্ষের শতঘন্টা মুজিবচর্চা কর্মসূচির সমাপনী ও প্রকাশিত সংকলনের মোড়ক উন্মোচন করা হয়।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর শফিউল আলম সরদার, সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ রফিকুল ইসলাম।

সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মাসতুরা আমিনার সঞ্চালনায় বক্তব্য রাখেন, অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম, পিপি পল্লব ভট্টাচার্য্য, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক।

এছাড়াও উপস্থিত ছিলেন, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোহাম্মদ মোজাহিদুল ইসলাম, জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি

আব্দুল হালিম,টিটিসি অধ্যক্ষ আরিফ আহমেদ প্রমুখ।

এসময় প্রধান অতিথির বক্তব্যে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেন, আমাদের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি।

আমাদের জানা মতে যদি আমরা তাকে না পেতাম তাহলে কিন্তু পরাধীন জাতি হিসেবে থাকতে হতো। বাঙালির আর্তনাদ আর্তনাদই থেকে যেত। সেটা কিন্তু কখনোই বাস্তবায়িত হতো না। ইনি হলেন সেই বঙ্গবন্ধু তাকে যদি আমরা বুকে ধারণ করে রাখতে পারি তাহলেই আমরা সাফল্য অর্জন করতে পারব।

তিনি আরো বলেন, বঙ্গবন্ধু সব সময় কি বলতেন, “মুখে হাসি বুকে বল, তেজে ভরা মন, মানুষ হইতে হবে মানুষ যখন”। বঙ্গবন্ধুর ৭ ই মার্চের সেই বক্তব্য একটার পর একটা ভাষা, একটার পর একটা শব্দ এবং কিভাবে অনবদ্য কবিতার মতো তিনি বলে গেলেন। একেই বলে বাঙালি।

যারা মাথা নত করতে জানে না। আমরা জাতির পিতার সেই আদর্শ, জাতির পিতার সেই প্রতিচ্ছবি আমাদের বুকে ধারণ করতে পারলে তখনই আমরা সার্থক হবো।

এসময় সভাপতির বক্তব্যে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান বলেন, আমাদের প্রথম দিনের আয়োজনটি ছিল খুবি আংশিক। আমাদের প্রস্তুতি তেমন ভালো ছিল না।

আশঙ্কা ছিল আমরা এটাকে কত দূর নিয়ে যেতে পারবো। কিন্তু যখন আমরা সকলে মিলে একসাথে কাজটি শুরু করেছি তখনি শতঘন্টা মুজিবচর্চার এই কর্মসূচি সফল করতে পেরেছি।

তিনি আরো বলেন, প্রথম থেকে শুরু করেই প্রতিটি পর্বে প্রতিটা মিনিটে জনপ্রশাসন প্রতিমন্ত্রী আমাদের সাথে ছিলেন। তিনি আমাদের আরো উৎসাহিত করেছেন।

তিনি আমাদের সাথে যুক্ত থাকায় কিন্তু আমরা কার্যক্রমটি সফল করতে পেরেছি। এর ফলে বঙ্গবন্ধুকে জানার যে অভিপ্রায় অনেকাংশেই পূরণ করতে পেরেছি।

পরে প্রকাশিত সংকলনের মোড়ক উন্মোচন করা হয়।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বঙ্গবন্ধুর আদর্শ ধারণ করে মানুষের কল্যাণে কাজ করতে হবে

চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন আলমডাঙ্গার বধ্যভূমি পরিদর্শন ও নেতা কর্মীদের সাথে মতবিনিময় করেছেন।

শনিবার ১১ টার দিকে বধ্যভূমি পরিদর্শন ও মতবিনিময় কালে এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন, মুক্তিযুদ্ধ এবং শহীদদের স্মৃতি সংরক্ষণের জন্য এ বধ্যভূমি।

এখানে আসলেই ভয়াল সেই দিনের কথাগুলো মনে পড়ে যায়। ট্রেন থামিয়ে মানুষ নামিয়ে কি নির্মমভাবে তাঁদের এখানে হত্যা করা হয়েছিল। আজ এতো বছর পরও তা ভূলে যাওয়া যায় না। তিনি বলেন,এই স্থানটিকে সংরক্ষণ জন্য কেউ এগিয়ে আসেনি। বরং এই জায়গাটি ধ্বংসের জন্য বিএনপি-জামায়াতের লোকজন চেস্টা করেছে।

এমপি ছেলুন জোয়ার্দ্দার দলের নেতা কর্মীদের উদ্দেশ্যে বলেন, কর্মীদের বঙ্গবন্ধুর আদর্শ বুকে ধারণ করতে হবে। তাহলেই দেশের প্রতি মানুষের প্রতি দরদ আসবে। মানুষের কল্যাণে কাজ করা যাবে।

মতবিনিময়কালে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খান,উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, পৌর আওয়ামী লীগের সাধারন সম্পাদক মতিয়ার রহমান ফারুক, উপজেলা আওয়ামী লীগের উপ-প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, পৌর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক সাইফুর রহমান পিন্টু, দপ্তর সম্পাদক মাসুদ সালেহীন উৎপল, মিজানুর রহমান রিপন,সদস্য গোলাম সরওয়ার সদু, এ্যাড. মোখলেছুর রহমান,কালিদাস পুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি জয়নাল আবেদীন, ডাউকি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও চেয়ারম্যান তরিকুল ইসলাম, বেলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক চেয়ারম্যান মাহমুদুল হাসান চঞ্চল, কুমারী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি চেয়ারম্যান আবু সাঈদ পিন্টু, ওলিউল্লা ,বেল্টু, টুটুল, জাহাঙ্গীর হোসেন,সাবেক ছাত্রলীগ নেতা সোহেলরানা শাহীন, ভাংবাড়িয়া ইউপি

চেয়ারম্যান সোহানুর রহমান সোহান, সরকারী কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল হক, ছাত্রলীগ নেতা হাসান, বাদসা, টিটন, রকি, সৈকত, তামিম প্রমূখ।

কোটচাঁদপুরে সাবেক চেয়ারম্যানের মৃত্যুবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও উপজেলা আ.লীগের সভাপতি মরহুম নাসির উদ্দিন কালু মিয়ার ১৩ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকালে উপজেলা আ.লীগের আয়োজনে শহরের দুধসরা সড়কে সাবেক এই চেয়ারম্যানের নিজ বাস ভবনে অনুষ্ঠিত হয়। সভায় কালু মিয়ার সহ ধর্মীনি উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আ.লীগ সভপতি শরিফুন্নেছা মিকির সভাপতিত্বে বক্তব্য রাখেন, পৌর মেয়র সহিদুজ্জান সেলিম।

পৌর প্যানেল মেয়র জাহিদ হোসেনের পরিচালনায় সভায় আরো বক্তব্য রাখেন, পৌর আ.লীগের যুগ্ন-আহ্বায়ক গোলাম সরোয়ার, আ.লীগ নেতা কামাল হাওলাদার, পৌর যুবলীগের সভাপতি মেহেদী হাসান বুলবুল, সাধারণ সম্পাদক পৌর প্যানেল মেয়র শেখ সোহেল আরমান, যুবলীগ নেতা মীর কাশেম আলী, পৌর আ.লীগ নেতা কাজী আলম, মীর মনিরুল আলম, বীর মুক্তিযোদ্ধা কায়দার রহমান, রবিউল ইসলাম, আকিমুল ইসলাম প্রমূখ। বক্তারা এসময় প্রয়াত চেয়ারম্যানের স্মৃতিচারণ করেন। আলোচনা সভা শেষে হাফেজ মোঃ শাহাজান আলীর পরিচালনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

[redacted]

[redacted]

সফল ভাবে টিকা নিতে পেরে আনন্দিত টিকা নিতে আসা সাধারণ মানুষ।

চুয়াডাঙ্গায় ৪৩ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহর উদ্বোধন

স্মার্টফোনে আসক্তি, পড়াশোনার ক্ষতি প্রতিপাদ্যে ডিসি সাহিত্য মঞ্চ চত্বরে ২ দিনব্যাপী বিজ্ঞান মেলার শুভ উদ্বোধন করা হয়েছে। শনিবার সকাল দশটার সময় দুইদিন ব্যাপি চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ আরাফাত রহমানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান আনুষ্ঠানিকভাবে বিজ্ঞান মেলার উদ্বোধন করেন।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, চুয়াডাঙ্গায় ৪৩ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা শুরু হয়েছে। সকল দেশের আধুনিক প্রযুক্তির পেছনে রয়েছে বিজ্ঞান।

এই বিজ্ঞানভিত্তিক প্রযুক্তিকে আরো অগ্রগতির মাধ্যম কাজে লাগিয়ে আগামীর সোনার বাংলা এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন বাস্তবায়ন করতে হবে।

৩৫টি স্টলে মাধ্যমিক দাখিল ও কলেজ প্রতিষ্ঠানে ছাত্র ছাত্রীরা বিভিন্ন উদ্ভাবিত প্রযুক্তি প্রদর্শন করেছে। উদ্বোধনী পরবর্তী সময়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের বিজ্ঞান ভিত্তিক স্টল পরিদর্শন কালে প্রধান অতিথি শিক্ষার্থীদের উদ্দেশ্যে পুথিগত বিদ্যা পরিহার করে প্রযুক্তি ও বিজ্ঞানের প্রতি মনোযোগ দিতে পরামর্শ প্রদান করেন।

চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মুন্সি আবু সাইফ এর প্রাণবন্ত সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম

মালিক, চুয়াডাঙ্গা সরকারি আদর্শ মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর আজিজুর রহমান, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান সহ বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আগত প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষার্থীবৃন্দ। অনুষ্ঠান পরিচালনায় সার্বিক সহযোগিতা ছিলেন রোভার স্কাউটস সদস্যবৃন্দ।

কালীগঞ্জে রাতের আধারে ফসলের ওপর দুর্বৃত্তের তান্ডব

ঝিনাইদহের কালীগঞ্জে আরিফুল ইসলাম নামের কৃষকের ফসলের উপর তান্ডব চালিয়েছে দূর্বৃত্বরা। ঘটনাটি ঘটেছে উপজেলার বলিদাপাড়া গ্রামে।

ভুক্তভোগী বলিদাপাড়া গ্রামের কৃষক আরিফুল জানান ৩৩ শতক জমির পটল গাছ কেটে বিনষ্ট করেছে দুর্বৃত্তরা। ১০-১৫ দিন পরই পটল ধরত হয়ত। রাতের আধারে কে বা কাহারা পটল গাছ গুলো কেটে দিয়েছে।

কালীগঞ্জ থানার অফিসার মতলেবুর রহমান (তদন্ত) বলিদাপাড়া গ্রামের মাঠে ফসল বিনষ্টের ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

জ্বিনের বাদশা চক্রের ৪ সদস্য গ্রেফতার

ঘটনা ২০২১ সালের ৩ নভেম্বর। গভীর রাতে মোবাইলের শব্দ শুনে ঘুম ভেঙ্গে যায় ঝিনাইদহ শহরের খাজুরা মাঝেরপাড়ার প্রবাসি শাহ আলমের স্ত্রী রেনুকা খাতুনের।

মোবাইলের অপর প্রান্ত থেকে ‘মা’ ডাক দিয়ে হাদিস কোরআনের বানী শোনাতে থাকে। সঙ্গে ভৌতিক শব্দ। কানে ভেসে আসে হা হা, হি হি,

এইবার তোকে খাব, বহুদিন তাজা রক্ত খায়নি। রেনুকার চোখ থেকে ঘুম ছুটে যায়। রেনুকা তখনও জানেন না তিনি জ্বিনের বাদশা নামক প্রতারকের খপ্পরে পড়তে যাচ্ছেন।

দীর্ঘক্ষণ আলাপচারিতায় প্রতারক চক্রটি বলে “আল্লাহর তরফ থেকে হুকুম হয়েছে. তোকে ৭ হাড়ি কাঁচা স্বর্ণ দিতে”। এ কথা বলে প্রতারক চক্র প্রথমে রেনুকার কাছে একটি জায়নামাজ হাদিয়া চাই এবং ৫৬০ টাকা দাবী করে। ৭ হাড়ি সোনার লোভ সামলাতে না পেরে রেনুকা বেগম বিকাশ একাউন্টে ৫৬০ টাকা পাঠায়।

৫ নভেম্বর জ্বিনের বাদশা দলের প্রতারকরা আবারো রেনুকা খাতুনের কাছে ফোন করে জানায় ৭ হাড়ি স্বর্ণ পেতে হলে তোমার বাড়ির কিছু স্বর্ণ দিতে হবে। রেনুকা ঘটনার দিন রাতে ঝিনাইদহ শহরের আরাপপুর ডাচ বাংলা ব্যাংকের বিপরীতে একটি কাছের নিচে দুই লাখ আশি হাজার টাকা মুল্যের প্রায় চার ভরি স্বর্ণ রেখে আসে।

স্বর্ণ রেখে আসার সময় তিনি দেখতে পান সেখানে একটি সোনা সাদৃশ্য মুর্তি রয়েছে। রেনুকার বিশ্বাস আরো বেড়ে যায়। এ ভাবে ৮ নভেম্বর পর্যন্ত প্রতারক চক্রটি রেনুকার কাছ থেকে প্রায় ৬ লাখ টাকা হাতিয়ে নেয়। রেনুকা প্রতারিত হওয়ার পর গত শুক্রবার (২৫ ফেব্রুয়ারি) ঝিনাইদহ সদর থানায় ডিজিটাল নিরাপত্তা আইনে একটি মামলা করেন। যার নং ৩৪।

মামলাটি রেকর্ডের পর ঝিনাইদহ সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেলের কাছে তদন্তের জন্য অর্পন করা হয়। ঝিনাইদহ পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার সাঈদ ও ঝিনাইদহ সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার আবুল বাশারের তত্বাবধানে সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল প্রতারক চক্রটিকে সনাক্ত করতে সক্ষম হন।

শুক্রবার রাতেই এসআই রবিউল ইসলামের নেতৃত্বে একদল পুলিশ গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলার একটি বিলের মধ্য থেকে প্রতারক চক্রের সদস্য বিশ্বনাথপুর গ্রামের মিন্টু পোদ্দারের ছেলে রায়হান ও তার ভাই তুহিন, একই গ্রামের আজিজুল হকের ছেলে বিকাশ এজেন্ট জিয়াউর রহমান ও শাকপালা গ্রামের শ্রী নারায়ন দাসের ছেলে মিলন দাসকে গ্রেফতার করে।

এ সময় তাদের কাছ থেকে ১১টি মোবাইল, প্রতারণার কাজে ব্যবহৃত বিভিন্ন ইলেক্ট্রনিক ডিভাইস, একটি ছুরি ও পিতলের মুর্তি উদ্ধার করে।

শনিবার দুপুরে ঝিনাইদহ পুলিশ সুপারের কনফারেন্স রুমে গণমাধ্যম কর্মীদের কাছে এক প্রেস ব্রিফিংয়ে এসব তথ্য জানান পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম। সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, আদালতে সোপর্দ করে আসামীদের কাছ থেকে টাকা উদ্ধারের চেষ্টা করা হবে।

ঝিনাইদহ সদর অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আবুল বাশার জানান, গোবিন্দগঞ্জ উপজেলার প্রত্যান্ত অঞ্চলে রায়হানের নেতৃত্বে এই প্রতারক চক্র খুপরি ঘর বেধে ঝিনাইদহসহ দেশের বিভিন্ন অঞ্চলে ‘জ্বিনের বাদশা’ পরিচয় দিয়ে প্রতারণা করে আসছিলো।

হরিনাকুণ্ডুতে ৫০ তম জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা উদ্বোধন

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে ৫০ তম বাংলাদেশ জাতীয় স্কুল মাদ্রাসা ও কারিগরি শিক্ষা শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে।

শনিবার সকালে উপজেলা ক্রীড়া সংস্থার মাঠ প্রাঙ্গণে এ অনুষ্ঠানের আয়োজন করেন বাংলাদেশ জাতীয় স্কুল,মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি।

উদ্বোধনী অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) সেলিম আহমেদ এর সভাপতিত্বে উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম সাইফুজাম্মান তাজু পরিচালনায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ জাহাঙ্গীর হোসাইন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম শিলু,থানা অফিসার ইনচার্জ (ওসি) আব্দুল রহিম মোল্লা,ইউপি চেয়ারম্যান এ্যাডভোকেট বজলুল রহমান,ক্রীড়া সংস্থা সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও সাবেক ইউপি চেয়ারম্যান নাজমুল হুদা পলাশ।

এছাড়াও হরিনাকুন্ডু উপজেলার মাধ্যমিক পর্যায়ের বিভিন্ন স্কুল,মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন।